



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

ক্রেডিট ইনফরমেশন ব্যুরো

সিআইবি সার্কুলার লেটার নং-০৩

তারিখঃ ১৪ নভেম্বর, ২০২৪
২৯ কার্তিক, ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/ ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

সিআইবি অনলাইন সার্ভিসের রেজিস্ট্রেশন ফি, অনলাইন প্রক্রিয়ায় প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের সার্ভিস চার্জ আরোপ ও আদায়, অনলাইন সিস্টেমে মাসিক ভিত্তিতে ঋণতথ্য যথাসময়ে Upload এ ব্যর্থ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা আরোপ ও আদায় এবং সিআইবি রিপোর্টে সন্নিবেশিত ঋণতথ্যের গোপনীয়তা ভঙ্গের জন্য জরিমানা আরোপ ও আদায় প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখঃ ০৪ মে, ২০১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের ২ নং অনুচ্ছেদে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সিআইবি অনলাইন সিস্টেম হতে New Contract Enquiry, Existing Contract Enquiry, Check Enquiry Menu সমূহের মাধ্যমে প্রস্তুতকৃত গ্রাহকদের সিআইবি প্রতিবেদন ডাউনলোড করা হলে নির্ধারিত হারে সার্ভিস চার্জ আরোপযোগ্য হবে মর্মে নির্দেশনা রয়েছে।

০২। বাংলাদেশে সিএমএসএমই উদ্যোক্তা বিশেষতঃ কুটির ও মাইক্রো ঋণের জন্য আবেদন প্রক্রিয়া সুলভ ও সহজীকরণ করার লক্ষ্যে সিএমএসএমই খাতের উদ্যোক্তাদের (১০ লাখ টাকা বা তার চেয়ে কম পরিমাণ ঋণ/বিনিয়োগ গ্রহণকারী) জন্য সিআইবি চার্জ মওকুফকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। এক্ষণে, সিএমএসএমই খাতে ঋণের জন্য আবেদনকারী গ্রাহকের সিআইবি প্রতিবেদন প্রস্তুত ও ডাউনলোড করার ক্ষেত্রে সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখঃ ০৪ মে, ২০১১ এর ২ নং অনুচ্ছেদের আওতায় আরোপযোগ্য সার্ভিস চার্জ হতে অব্যাহতি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যাংক এবং ফাইন্যান্স কোম্পানিকে প্রতি মাসে সিএমএসএমই খাতে যে সকল আবেদনকারীর সিআইবি প্রস্তুত করা হয়েছে, সে সকল আবেদনকারী সিএমএসএমই নীতিমালা অনুযায়ী সিএমএসএমই খাতের উদ্যোক্তা কিনা তার দালিলিক প্রমাণ ও অন্যান্য দলিলাদি সংযুক্তপূর্বক নিম্নোক্ত ছক অনুযায়ী তথ্য পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে ব্যুরোতে প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া যাচ্ছে -

সিএমএসএমই খাতের আওতায় সিআইবি রিপোর্টের জন্য প্রযোজ্য চার্জ/ফি হতে অব্যাহতি প্রাপ্ত ঋণ আবেদনকারীগণের বিবরণী
ব্যাংক/ফাইন্যান্স কোম্পানির নামঃ -----; ব্যাংক/ফাইন্যান্স কোম্পানির কোডঃ-----

মাসঃ

ক্রমিক নং	FI Subject code	ঋণ আবেদনকারীর নাম	আবেদনকৃত ঋণের অঙ্ক (টাকায়)	Type of Inquiry (New/ Existing/ Check Inquiry)	সিআইবি রিপোর্ট ডাউনলোডকারীর User ID	সিআইবি রিপোর্ট ডাউনলোডের তারিখ

স্বাক্ষর ও তারিখ

নামঃ

পদবীঃ

সিআইবি সেল/শাখা প্রধানঃ


(অফিসিয়াল সীলসহ)

০৪। সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখঃ ০৪ মে, ২০১১ এর ২ নং অনুচ্ছেদে বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

০৫। Bangladesh Bank Order, 1972 (P.O No. 127 of 1972) এর article 44(1) এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


(মুন্সী মোহাম্মদ ওয়াকিদ)

পরিচালক (সিআইবি)

ফোনঃ ৯৫৩০১৩৩